# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)


## অর্থনীতি দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ১ ০

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ জাহাঙ্গীর স্যার বোর্ডে একটি প্রবাহ চিত্র আঁকলেন। চিত্রটি নিম্নরূপ:




ক. বাংলাদেশের কৃষির সবচেয়ে ছোট উপখাত কোনটি? ১

খ. সেচ সুবিধা সম্প্রসারণে কৃষি উন্নয়ন কীভাবে সম্ভব? ২

গ. উপরের প্রবাহচিত্রে বাংলাদেশের কৃষির যে দিকটি ফুটে উঠেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. প্রবাহ চিত্রের বিষয়গুলোকে যদি সমস্যা হিসেবে চিহ্নিত করা যায় তবে সমাধান হিসেবে কী কার্যক্রম নেওয়া যেতে পারে? ৪

২. ▶ রিমি মনে করে এদেশের অদক্ষ প্রশাসন, মূলধনের অভাব, বৈদেশিক মুদ্রার অভাব, দক্ষ শ্রমিকের অভাব, অতিরিক্ত জনসংখ্যা এবং মিশ্র অর্থনীতির কারণে কোন অর্থনৈতিক পরিকল্পনাই তেমন একটা সফল হয় না। এসব বিষয়ে বিদ্যমান সমস্যাগুলো কাটিয়ে উঠতে পারলে সরকার গৃহীত সব পরিকল্পনা সফল হবে।

ক. নিদের্শিত পরিকল্পনা কী? ১

খ. মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনা কী? ২

গ. রিমির মতের প্রেক্ষিতে বাংলাদেশের অর্থনৈতিক পরিকল্পনার সমস্যা ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক পরিকল্পনা বাস্তবায়নের সমস্যা হিসেবে রিমির মন্তব্য কতটুকু সঙ্গত? তোমার যুক্তি উপস্থাপন কর। ৪

৩. ▶ এমরান তার বাড়ির আঙ্গিনায় একটি মুরগির খামার করতে গিয়ে গ্রামীণ ব্যাংক থেকে ঋণ নেয়। এ ঋণের বিপরীতে তাকে ব্যাংকে কোন জামানত গচ্ছিত রাখতে হয়নি। অবশ্য এখন বেশ কয়টি ব্যাংক ও সংস্থা এই প্রকার ঋণদান কার্যক্রমের সাথে জড়িত।

ক. সময়গত দিক থেকে অর্থায়ন কত প্রকার? ১

খ. ক্ষুদ্রঋণের একটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ২

গ. এমরান গৃহীত ঋণে কী প্রকার সুবিধা পেয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. গ্রামীণ ব্যাংকের মতো ঋণ সুবিধা দিতে পারে বা দেয় এমন একটি সংস্থার কার্যক্রম ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

৪. ▶ কুসুম তার বাড়ির সামনে ফাঁকা জায়গায় বিভিন্ন ধরনের শাক-সবজি চাষ করে নিজ কর্মসংস্থান করেছে। এই কাজ থেকে তার আয় দৈনিক ১০০০ টাকা। সে মোটামুটি নির্ভার জীবনযাপন করছে।


ক. বাংলাদেশের জিডিপিতে কৃষির অবদান কত? ১

খ. রেমিটেন্স বৃদ্ধির কারণ কী? ২


গ. কুসুম বাংলাদেশের অর্থনৈতিক কাঠামোর কোন খাতের সাথে যুক্ত আছে? ব্যাখ্যা দাও। ৩

ঘ. কুসুমের কার্যাবলীই কি বাংলাদেশের অর্থনৈতিক কাঠামোর একমাত্র ভিত্তি? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৫. ▶



চিত্র-ক



চিত্র-খ

ক. উন্মুক্ত মুদ্রাস্ফীতি কী? ১

খ. বিনিয়োগকারীর উপর মুদ্রাস্ফীতির প্রভাব কীরূপ? ২

গ. ক রেখাচিত্র দিয়ে যে ধারণা প্রকাশ করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. খ রেখাচিত্রটি কীভাবে চাহিদাজনিত মুদ্রাস্ফীতির প্রকাশ করেছে? ব্যাখ্যা কর। ৪

৬. ▶ দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিয়ে ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন করা হয়। প্রতিষ্ঠালগ্নে দীর্ঘমেয়াদি সম্পত্তি যেমন- বিল্ডিং, গ্যারেজ, জেনারেটর, রাস্তাঘাট ইত্যাদির প্রয়োজনীয়তা দেখা দেয়। এসব সম্পত্তি অর্জনে দীর্ঘমেয়াদি অর্থায়ন খুবই গুরুত্বপূর্ণ।

ক. PPP এর পূর্ণরূপ কী? ১

খ. দীর্ঘমেয়াদি অর্থায়ন কাকে বলে? ২

গ. দীর্ঘমেয়াদি অর্থায়নের জন্য শেয়ার ও বন্ডের তুলনামূলক আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের অর্থায়নের জন্য শেয়ার বাজারের অবদান বিশ্লেষণ কর। ৪

৭. ▶ রহিমুদ্দিন ভ্যান চালিয়ে যে টাকা আয় করে তা চাল, ডাল, তেল, খড়ি ইত্যাদি কিনতেই ব্যয় হয়ে যায়। ছেলেমেয়ের জন্য মাছ, মাংস, দুধ, ডিম, ঘি ইত্যাদি পুষ্টিকর খাদ্যের কিছুই কিনতে পারে না। ফলে তার পরিবার অপুষ্টির শিকার।

ক. নিরাপদ খাদ্য কী? ১


খ. নিরাপদ খাদ্য প্রয়োজন কেন? ২

গ. রহিমুদ্দিনের পরিবারের খাদ্য নিরাপত্তা না থাকার কারণ উদ্দীপকের প্রেক্ষিতে ব্যাখ্যা কর। ৩

Teachingbd.com

ঘ. রহিমুদ্দিনের পরিবারের খাদ্য নিরাপত্তা অর্জনের জন্য সরকারের কী করণীয় আছে বলে তুমি মনে কর? ৪

৮




সরকারী আয়ের উৎস


ক. কর রাজস্বের মাধ্যমে সংগৃহীত আয়ের কত ভাগ জাতীয় রাজস্ব বোর্ড নিয়ন্ত্রণ করে? ১

খ. প্রতিরক্ষা খাতে সরকার কেন ব্যয় করে? ২

গ. বক্স 'খ' তে কী ধরনের কর থাকতে পারে? আলোচনা কর। ৩

ঘ. বক্স 'ক' এর অধীনস্থ বক্সগুলো যে ধরনের সরকারি আয় আলোচনাযোগ্য সেগুলো বিশ্লেষণ দাও। ৪

৯. ▶ বিশ্ব স্বাস্থ্য সংস্থা খাদ্য ও জনসংখ্যার সম্পর্ক বিশ্লেষণে নিম্নোক্ত রেখাচিত্রটি দেয়।




ক. চা উৎপাদনে বাংলাদেশ কততম স্থানে আছে? ১

খ. জনসংখ্যা বৃদ্ধিতে পরিবেশ নষ্ট হয় কেন? ২

গ. খাদ্য ও জনসংখ্যা সম্পর্কিত উপরের রেখাচিত্রটির ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকের রেখাচিত্রের প্রেক্ষিতে জনসংখ্যা নিয়ন্ত্রণে ম্যালথাসের তত্ত্বটি কীভাবে প্রয়োগযোগ্য হতে পারে? ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

অর্থনীতি দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড: ১ ১ ০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. ১৯৪৭ সালের পর কারা পূর্ব পাকিস্তানের শাসনভার নিয়ন্ত্রণ করে?**
ক ব্রিটিশরা　খ পাকিস্তানিরা
গ ভারতীয়রা　ঘ ইংরেজরা

**২. বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি—**
i. কৃষি নির্ভর দেশ
ii. জনবহুল দেশ
iii. উন্নয়নশীল দেশ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**
করিম গ্রন্থাগারে বই পড়ে জানলো, একটা যুগকে প্রাচীন বাংলার স্বর্ণযুগ বলে অভিহিত করা হতো। তখন ব্যবসা বাণিজ্য সমৃদ্ধ ছিল এবং আধুনিক মুদ্রা ব্যবস্থার প্রবর্তন হয়।

**৩. অনুচ্ছেদে স্বর্ণযুগ বলতে কোন যুগকে বুঝানো হয়েছে?**
ক আদি ও হিন্দু যুগ　খ মুসলমান যুগ
গ ব্রিটিশ যুগ　ঘ পাকিস্তান যুগ

**৪. উক্ত যুগের বৈশিষ্ট্য হলো—**
i. দ্রব্যমূল্য সস্তা ছিল
ii. দারিদ্র্যের হার কম ছিল
iii. দাস দাসী বেচাকেনা হতো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

**৫. বাংলাদেশে অধিবাসীদের প্রধান পেশা কোনটি?**
ক কৃষি　খ পশুপালন
গ চাকরি　ঘ ব্যবসা

**৬. বাংলাদেশের গ্রামাঞ্চলের অধিকাংশ বাসস্থান কৃষি উপকরণ দিয়ে তৈরি হয়। এগুলো হলো—**
i. বাঁশ
ii. খড়
iii. ঢেউটিন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

**৭. বাংলাদেশের কৃষির বৈশিষ্ট্য নয় কোনটি?**
ক ভূমিহীন কৃষক　খ শ্রমিকের অভাব
গ অনাবাদি জমি　ঘ বর্গাদারি প্রথা

**৮. বাংলাদেশের কৃষি খামারের গড় আয়তন কত একক?**
ক ১.৫০ একর　খ ২.৪৯ একর
গ ৭.৪৯ একর　ঘ ৮ একর

**৯. বাংলাদেশে স্বাধীনতা পরবর্তীতে কয়টি শিল্পনীতি প্রণয়ন করা হয়?**
ক ৪টি　খ ৫টি
গ ৬টি　ঘ ৭টি

**১০. কোন শিল্পে মূলধননিবিড় উৎপাদন কৌশল ব্যবহার করা হয়?**
ক নির্মাণ শিল্পে　খ ভারী শিল্পে
গ সংরক্ষিত শিল্পে　ঘ বস্ত্র শিল্পে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
বাংলাদেশের ২য় প্রধান গুরুত্বপূর্ণ শিল্প হচ্ছে বস্ত্র। তৈরি পোশাক শিল্প বস্ত্রশিল্পের মেরুদণ্ড হলেও বস্ত্র শিল্পে এখনও বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণ নয়।

**১১. উক্ত শিল্পের চালিকা শক্তি কোনটি?**
ক নারী শ্রমিক　খ পুরুষ শ্রমিক
গ ইউরোপীয় বাজার　ঘ জিএসপি সুবিধা

**১২. উক্ত শিল্পকে বিলিয়ন ডলার শিল্প বলার কারণ হলো—**
i. সমাজের পিছিয়ে পড়া দরিদ্র জনগোষ্ঠীর আয় বৃদ্ধি
ii. বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন
iii. অন্যান্য দ্রব্যের বাজার সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

**১৩. বাংলাদেশের ২য় প্রধান অর্থকরী ফসল কোনটি?**
ক পাট　খ চা
গ আখ　ঘ তামাক

**১৪. ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বটি কত সালে প্রচারিত হয়?**
ক ১৬৯৭　খ ১৭৯৮
গ ১৮৭৮　ঘ ১৮৯৮

**১৫. একটি দেশের জনসংখ্যার ঘনত্ব নির্ধারক বিষয় হলো—**
i. জলবায়ু
ii. অর্থনৈতিক উন্নয়ন
iii. যাতায়াত ব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
মিথিলা একজন সমাজকর্মী। তিনি রূপপুর গ্রামে দীর্ঘ পাঁচ বছর যাবত উন্নয়ন কর্মকাণ্ড চালিয়ে আসছেন। সম্প্রতি এক জরিপে দেখা যায় রূপপুর গ্রামে গত এক বছরে ৫০ জন শিশু জন্ম গ্রহণ করে এবং ৫ জন শিশু মৃত্যুবরণ করে।

**১৬. রূপপুর গ্রামে দ্রুত জনসংখ্যা বৃদ্ধির কারণ কী?**
ক উচ্চ জন্মহার ও নিম্ন মৃত্যুহার
খ জন্মহার ও মৃত্যুহার সমান
গ নিম্ন জন্মহার ও উচ্চ মৃত্যুহার
ঘ উচ্চ জন্মহার ও উচ্চ মৃত্যুহার

**১৭. রূপপুর গ্রামে জনসংখ্যা সমস্যা সমাধানের উপায় হচ্ছে—**
i. বাল্যবিবাহ রোধ
ii. জীবনযাত্রার মানোন্নয়ন
iii. জনসংখ্যার বহির্গমন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

**১৮. খাদ্য নিরাপত্তা কী?**
ক সহজ খাদ্য প্রাপ্তি　খ দামি খাবার
গ অপুষ্টি খাবার　ঘ খাদ্যের অপর্যাপ্ততা

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
তানহার দেশের জনগণ প্রতিদিন খাদ্য গ্রহণ করে ৩৪০০ কিলো ক্যালরি। কিন্তু সুমীর দেশের জনগণ মাত্র ১৮০০ কিলো ক্যালররি খাদ্য গ্রহণ করে।

Teachingbd.com

http://teachingbd.com

১৯. সুমীর দেশের জনগণের মধ্যে নিচের কোনটি বিরাজমান?
ⓐ পুষ্টিহীনতা
ⓑ খাদ্যের অপচয় ক্ষমতা
ⓒ অদক্ষতা
ⓓ পর্যাপ্ত শক্তি ও পুষ্টি গ্রহণ

২০. সুমীর দেশের খাদ্যে অপুষ্টির ফলে দেখা দেয়—
i. জনস্বাস্থ্যহানি
ii. মোট শ্রম শক্তি হ্রাস
iii. কর্মঠ জাতি
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ ii ও iii
ⓒ i ও iii ⓓ i, ii ও iii

২১. কৃষি উৎপাদন বাড়ানোর সম্ভব হবে—
i. কৃষি ঋণ প্রদানে
ii. কৃষি উপকরণের ভর্তুকী প্রদানে
iii. খাদ্য আমদানিতে
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii
ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

২২. মালিকানার ভিত্তিতে অর্থায়নকে কয় ভাগে ভাগ করা হয়?
ⓐ ২ ⓑ ৩
ⓒ ৪ ⓓ ৫

২৩. অর্থায়নের সাথে সম্পৃক্ত ধারণা হলো—
i. আর্থিক পরিকল্পনা
ii. বিনিয়োগ
iii. পরিচালনা
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ ii ও iii
ⓒ i ও iii ⓓ i, ii ও iii

২৪. বাংলাদেশের কৃষকেরা স্বল্প সময়ের জন্য কোথা থেকে ঋণ পেয়ে থাকে?
ⓐ মহাজন ⓑ আত্মীয়স্বজন
ⓒ এনজিও ⓓ কৃষি ব্যাংক

২৫. অর্থায়নের উৎসসমূহ হলো—
i. মালিকের নিজস্ব তহবিল
ii. বন্ধুবান্ধব থেকে ধার নেয়া
iii. আর্থিক প্রতিষ্ঠান থেকে ধার নেয়া
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ ii ও iii
ⓒ i ও iii ⓓ i, ii ও iii

২৬. মুদ্রাস্ফীতি বৃদ্ধি পেলে অর্থের মূল্য কী হয়?
ⓐ বৃদ্ধি পায় ⓑ হ্রাস পায়
ⓒ স্থির থাকে ⓓ ক্রমে বৃদ্ধি পায়

২৭. মুদ্রাস্ফীতি ঘটে তখন, যখন দেশে অর্থের যোগান বৃদ্ধির ফলে দ্রব্য সামগ্রীর কার্যকর চাহিদা বাড়ে কিন্তু—
i. দ্রব্যের উৎপাদন বাড়ে না
ii. সেবার উৎপাদন বাড়ে না
iii. দামস্তর দ্রুত বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ ii ও iii
ⓒ i ও iii ⓓ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**
বিশ্ব বাজারে জ্বালানি তেলের মূল্য পরিবর্তনের প্রভাবে প্রায় মুদ্রাস্ফীতি দেখা দেয়। আবার উত্তর আমেরিকা ও ইউরোপের অর্থনীতিতে মন্দা আক্রমণ করলে সমগ্র বিশ্বে এর প্রভাব পড়ে।

২৮. উদ্দীপকের মূল্য পরিবর্তনের ধারণাটি নিম্নের কোন ধারণার সাথে সম্পৃক্ত
ⓐ দামের নিম্নমুখী প্রবণতা
ⓑ দামের উর্ধ্বমুখী প্রবণতা
ⓒ দাম অপরিবর্তনীয়
ⓓ ক্রমাগত দামের উত্থান পতন

২৯. উদ্দীপকে আমেরিকা ও ইউরোপের উল্লিখিত প্রভাবে বাংলাদেশের অর্থনীতিতে ঘটেছে—
i. দামস্তর হ্রাস পায়
ii. বেকারত্ব বৃদ্ধি পায়
iii. ক্রয়ক্ষমতা হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii
ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

৩০. মুদ্রাস্ফীতির অন্যতম বৈশিষ্ট্য কোনটি?
ⓐ দামস্তর হ্রাস ⓑ যোগান বৃদ্ধি
ⓒ ক্রয়ক্ষমতা হ্রাস ⓓ চাহিদা হ্রাস

৩১. মুদাস্ফীতির ফলে কে লাভবান হয়?
ⓐ উৎপাদনকারী ⓑ ক্রেতা
ⓒ ঋণদাতা ⓓ বস্ত্র ক্রেতা

৩২. মুদ্রাস্ফীতির ফলে কোন ধরনের কৃষক ক্ষতিগ্রস্ত হয়?
ⓐ ভূমিহীন ⓑ সচ্ছল
ⓒ উচ্চবিত্ত ⓓ ধনী

৩৩. কোনটি আন্তর্জাতিক বাণিজ্যের ভিত্তি?
ⓐ বিশ্ব শান্তি ⓑ মানবজাতির কল্যাণ
ⓒ ভৌগলিক বিশেষীকরণ ⓓ দুটি দেশ

৩৪. বাংলাদেশ থেকে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে সবচেয়ে বেশি রপ্তানি হয় কোনটি?
ⓐ কৃষি পণ্য ⓑ হস্তশিল্প জাত পণ্য
ⓒ নিটওয়্যার ⓓ জনশক্তি

৩৫. কোনটি বাংলাদেশের আদি শিল্প?
ⓐ কাগজ শিল্প ⓑ চামড়া
ⓒ হস্তশিল্প ⓓ পাট শিল্প

৩৬. বাংলাদেশে সরকারি ব্যয়ের প্রধান খাত কোনটি?
ⓐ শিক্ষা ⓑ প্রতিরক্ষা
ⓒ ভর্তুকি ⓓ পুলিশ

৩৭. কোনটি প্রত্যক্ষ কর?
ⓐ ভ্যাট ⓑ শুল্ক
ⓒ বিক্রয় কর ⓓ সম্পদ কর

৩৮. বর্তমান সময় পর্যন্ত বাংলাদেশে কয়টি পঞ্চবার্ষিক পরিকল্পনা হাতে নেয়া হয়েছে?
ⓐ ৪টি ⓑ ৫টি
ⓒ ৬টি ⓓ ৭টি

৩৯. উন্নয়নশীল দেশগুলো উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করে থাকে মূলত জনগণের—
i. মাথাপিছু আয় বৃদ্ধির জন্য
ii. জীবনযাত্রার মান উন্নয়নের জন্য
iii. অর্থনৈতিক স্থিতিশীলতার জন্য
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ ii ও iii
ⓒ i ও iii ⓓ i, ii ও iii

৪০. স্বল্পমেয়াদী পরিকল্পনার মেয়াদ কত বছর?
ⓐ ১-৩ বছর ⓑ ৩-৪ বছর
ⓒ ৪-৫ বছর ⓓ ৬-৭ বছর

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ খ | ২ ঘ | ৩ খ | ৪ ঘ | ৫ ক | ৬ ক | ৭ খ | ৮ ক | ৯ ঘ | ১০ খ | ১১ ক | ১২ ঘ | ১৩ খ | ১৪ খ | ১৫ ঘ | ১৬ ক | ১৭ ঘ | ১৮ ক | ১৯ ক | ২০ ক |
| ২১ ক | ২২ ক | ২৩ ঘ | ২৪ ঘ | ২৫ ঘ | ২৬ খ | ২৭ ঘ | ২৮ খ | ২৯ গ | ৩০ গ | ৩১ ক | ৩২ ক | ৩৩ গ | ৩৪ ঘ | ৩৫ গ | ৩৬ খ | ৩৭ ঘ | ৩৮ গ | ৩৯ ঘ | ৪০ ক |

Teachingbd.com